গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-১

নং-স্বঃমঃ-পাঃনীঃ (সাধারণ)-০২/১০(বহি-১)/৩৩৪

২৭ মার্চ ২০১০

## পরিপত্র

বিষয় ঃ **Machine Readable Passport (MRP) & Machine Readable Visa (MRV) চালুকরণ প্রসঙ্গে**

সরকার ০১ এপ্রিল ২০১০ হতে Machine Readable Passport (MRP) এবং Machine Readable Visa (MRV) চালু করতে যাচ্ছে। দেশের ৩৪ (চৌত্রিশ) টি অফিস থেকে MRP প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলেও প্রাথমিক পর্যায়ে দেশের অভ্যন্তরে ১০ (দশ) টি আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে MRP'র আবেদন ফরমসমূহ গ্রহণ ও ৪৮ (আটচল্লিশ) পৃষ্ঠাবিশিষ্ট এবং ৫ (পাঁচ) বৎসর মেয়াদী পাসপোর্ট প্রদান করা হবে। আবেদন ফরমসমূহ গ্রহণ ও পাসপোর্ট প্রদানের জন্য নির্ধারিত ১০ (দশ) টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের অধিক্ষেত্র সাময়িকভাবে নিম্নরূপে পুণর্বিন্যাস করা হ'ল ঃ

| ক্রম | অফিসের নাম | অধিক্ষেত্র |
|---|---|---|
| ০১ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলা |
| ০২ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, ময়মনসিংহ | ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলা |
| ০৩ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, চট্টগ্রাম | চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও কক্সবাজার জেলা |
| ০৪ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুমিল্লা | কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী ও ব্রাহ্মণবাড়িয়া জেলা |
| ০৫ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিলেট | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলা |
| ০৬ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, রাজশাহী | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, সিরাজগঞ্জ, পাবনা, জয়পুরহাট ও বগুড়া জেলা |
| ০৭ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, বরিশাল | বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা, পিরোজপুর ও ঝালকাঠি জেলা |
| ০৮ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, রংপুর | রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট ও গাইবান্ধা জেলা |
| ০৯ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর | যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরা, নড়াইল, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা |
| ১০ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ | গোপালগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলা |

০২. ০১ এপ্রিল ২০১০ হতে উপরোক্ত ১০ (দশ) টি আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে তার পার্শ্বে বর্ণিত অধিক্ষেত্র অনুসারে MRP'র আবেদন ফরমসমূহ গ্রহণ ও পাসপোর্ট প্রদান করা হবে। বর্ণিত ১০ (দশ) টি আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে MRP লাভের জন্য নতুন আবেদন ফরম প্রণয়ন করা হয়েছে। এ সকল আবেদন ফরম বিনামূল্যে সংশ্লিষ্ট পাসপোর্ট অফিস হতে সংগ্রহ করা যাবে। এছাড়া, আবেদন ফরম বাংলাদেশ পাসপোর্ট ও বহিরাগমন এর ওয়েব সাইট (www.dip.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।

০৩. সারা দেশে MRP কার্যক্রম সম্প্রসারণ এবং সকলের নিকট MRP সহজলভ্য করার ক্ষেত্রে জনসাধারণের যাতে কোনরূপ অসুবিধা সৃষ্টি না হয়, সে লক্ষ্যে প্রচলিত আইন/বিধির আওতায় দেশে বর্তমানে প্রচলিত ৬৭ (সাতষট্টি) টি অফিস এবং বিদেশস্থ বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস হতে আগামী ৩১ মার্চ ২০১১ পর্যন্ত হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট ইস্যু করা যাবে। এ সকল পাসপোর্টের মেয়াদ ইস্যুর তারিখ হতে পরবর্তী ০১(এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে।

০৪. এছাড়া বর্তমানে প্রচলিত যে সকল পাসপোর্টের মেয়াদ (পাঁচ/দশ বৎসর) ৩১ মার্চ ২০১০ এর পর শেষ হয়ে যাবে, সে সকল পাসপোর্টের মেয়াদ বর্তমানে প্রচলিত ৬৭ (সাতষট্টি) টি অফিস এবং বিদেশস্থ বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস হতে আগামী ৩১ মার্চ ২০১১ পর্যন্ত বৃদ্ধি/নবায়ন করা যাবে।


Fax +88 02 7164788
www.mha.gov.bd

5 পাসপোর্ট সংক্রান্ত ফি নিম্নরূপে নির্ধারিত হবে -

| প্রদানের স্থান | ক্যাটাগরি | জরুরী | সাধারণ |
|---|---|---|---|
| দেশে | সাধারণ পাসপোর্ট (MRP) | ৳৬,০০০/- | ৳৩,০০০/- |
| | জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | ৳১,০০০/- | - |
| | পাসপোর্ট [হাতে লেখা] নবায়ন/এনডোর্সমেন্ট | ৳৫০০/- | ৳৩০০/- |
| | Certificate of Identity (Hand Written) | ৳১,০০০/- | ৳৫০০/- |
| | Duplicate জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | ৳১,০০০/- | - |
| বিদেশে | সাধারণ পাসপোর্ট (MRP) | US $200 | US $100 |
| | জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | US $30 | - |
| | পাসপোর্ট [হাতে লেখা] নবায়ন/এনডোর্সমেন্ট | US $15 | US $8 |
| | Travel Document (Hand Written) | Tk. 2,000 or its equivalent in US Dollar or in local currency | Tk. 1,000 or its equivalent in US Dollar or in local currency |
| | Duplicate জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | US $30 | - |
| বিদেশে অধ্যয়নরত শিক্ষার্থী, Gulf Co-Operation Council (GCC) ভূক্ত দেশ, জর্ডান, মরিশাস, লিবিয়া, সাইপ্রাস, ইরান, ইরাক, লেবানন, ব্রুনাই, মালোয়েশিয়া এবং ইন্দোনেশিয়ায় কর্মরত সাধারণ শ্রমিকদের জন্য | সাধারণ পাসপোর্ট (MRP) | US $100 | US $30 |
| | জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | US $30 | - |
| | পাসপোর্ট [হাতে লেখা] নবায়ন/এনডোর্সমেন্ট | US $4 | US $2 |
| | Travel Document (Hand Written) | Tk. 2,000 or its equivalent in US Dollar or in local currency | Tk. 1,000 or its equivalent in US Dollar or in local currency |
| | Duplicate জরুরী (Emergency) পাসপোর্ট [হাতে লেখা] | US $30 | - |

০৬. ৩১ মার্চ ২০১০ পর্যন্ত অনিস্পন্ন যে সকল আবেদনপত্রের অনুকূলে হাতে লেখা পাসপোর্ট ইস্যু করা সম্ভব হবে না, তাদেরকে নতুনভাবে MRP'র জন্য নির্ধারিত আবেদনপত্রে পুনরায় আবেদন করতে হবে। তবে, এক্ষেত্রে MRP'র জন্য নির্ধারিত ফি'র সাথে আবেদনকারীর জমাকৃত ফি সমন্বয় করতে হবে।

০৭. উপরিউক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(মোহাম্মদ ইফতেখার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬৮৩২


**বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে/জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা
০৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস সমূহকে অবহিত করার অনুরোধসহ)
০৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা
০৭. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৮. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
০৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল
১০. পুলিশ কমিশনার/উপ-মহাপুলিশ পরিদর্শক, ..\.................................... (সকল)
১১. প্রকল্প পরিচালক, Introduction of MRP & MRV in Bangladesh Project, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
১২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা
১৩. জেলা প্রশাসক, ...................................... জেলা (সকল)
১৪. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ...................................... জেলা (সকল)